

## থ্যাংকসগিভিং ডে - একদিনে ২৯ লাখ যাত্রীর আশায় এয়ারলাইনসগুলো

- A Monitor Desk Report

Date: 20 November, 2023



এয়ারলাইনসগুলো আসন্ন থ্যাংকসগিভিং ডেতে রেকর্ডসংখ্যক যাত্রী আশা করছে। এয়ারলাইনস নিরাপত্তা বিভাগ পূর্বাভাস দিয়েছে ১৭-২৮ নভেম্বরের মধ্যে প্রায় তিন কোটিরও বেশি যাত্রী ভ্রমণ করবে। থ্যাংকসগিভিংয়ের পরের রোববার প্রায় ২৯ লাখ যাত্রীর সঙ্গে এয়ারলাইনস ব্যস্ততম দিন পার করবে বলে আশা করছেন তারা।

থ্যাংকসগিভিং হলো একটি জাতীয় ছুটির দিন যা যুক্তরাষ্ট্র, কানাডা, গ্রানাডা, সেন্ট লুসিয়া, লাইবেরিয়া, ব্রাজিল ও ফিলিপাইনের মতো দেশে অনানুষ্ঠানিকভাবে বিভিন্ন তারিখে উদযাপন করা হয়। এয়ারলাইনসগুলোর উপার্জন বৃদ্ধির জন্য ছুটির সময়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময়ে বিমান ভাড়া সাধারণত বেশি থাকে। চলতি বছর জ্বালানি ও শ্রমের ক্রমবর্ধমান ব্যয়ের সম্মুখীন হয়েছে এয়ারলাইনস কোম্পানিগুলো।

গত বছর ব্যাপক হারে ফ্লাইট বাতিলের পর এবারের থ্যাংকসগিভিংয়ের ছুটি প্রমাণ করবে এয়ারলাইনসগুলো চাহিদা মেটাতে কতটা প্রস্তুত। ২০২১ সালের শীতকালীন একটি ঝড় ক্রিসমাস ঘিরে ভ্রমণের পরিকল্পনা বানচাল করে দিয়েছিল। সেজন্য এবার এয়ারলাইনসগুলো একই ধরনের সমস্যা এড়াতে কয়েক মাস আগে থেকে প্রস্তুতি নিয়েছে।

সাউথওয়েস্ট এয়ারলাইনস ২০২১ সালের ফ্লাইট বাতিলের কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। তাই এয়ারলাইনসটি আরো বিমান ডি-আইসিং ও সময়সূচি বিঘ্ন এড়াতে আরো ভালো সময়সূচি তৈরিতে বিনিয়োগ করেছে। ইউনাইটেডের মতো অন্যান্য এয়ারলাইনস গ্রাহকদের পুনরায় বুকিং ও ফ্লাইটের তথ্য পাওয়ার প্রযুক্তি উন্নত করেছে।

ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন আশা করছে, ছুটির আগের বুধবার থ্যাংকসগিভিং ফ্লাইট যাত্রী সংখ্যা ৪৯ হাজার ৬০৬-তে পৌঁছাবে, যা গত বছর ছিল ৪৮ হাজার ১৯২ জন।

ডেল্টা এয়ারলাইনস ৬২-৬৪ লাখ থ্যাংকসগিভিং ভ্রমণকারী যাত্রী বহন করবে বলে আশা করছে। ইউনাইটেড এয়ারলাইনস ৫৯ লাখ ও আমেরিকান এয়ারলাইনস রেকর্ড ৭৮ লাখ যাত্রী বহনের পূর্বাভাস দিয়েছে।

বর্তমানে এয়ারলাইনসগুলোর ভাড়া ২০২১ সালের চেয়ে কম রয়েছে। ফ্লাইট ট্র্যাকার সংস্থা হপারের তথ্যানুযায়ী, গড় ট্রিপ এখন ২৪৮ ডলার, যা গত বছরের ২৭১ ডলার থেকে কমে এসেছে। সম্প্রতি মোট বিমান ভাড়া কমেছে ১৩ শতাংশের কাছাকাছি।

-B